অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/16/2021 **গভর্নর ক্যাথি হোকল**

সারাটোগা স্পা স্টেট পার্কে শিশুদের জাদুঘর নির্মাণের কাজ শুরু হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

আধুনিক ফ্যাসিলিটি 'শিল্পকলার পার্কে' তরুণ পরিবারগুলোর জন্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করবে

প্রকল্পটি এই ঐতিহাসিক বিখ্যাত স্থানে নতুন প্রাণের সঞ্চার করবে

প্রকল্পের কিছু বাছাইকৃত রেন্ডারিং দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে সারাটোগাতে একটি উন্নত ও সম্প্রসারণকৃত শিশুদের জাদুঘর সারাটোগা স্পা স্টেট পার্কে ঐতিহাসিক লিঙ্কন বাথহাউজে স্থানান্তরের উদ্দেশ্যে 3.1 মিলিয়ন ডলারের একটি প্রকল্পের নির্মাণকাজ শুরু হয়েছে। এই ফ্যাসিলিটির স্থানান্তর এটির জায়গা দ্বিগুণ করবে এবং সব বয়সের অতিথিদের জন্য অ্যাক্সেসযোগ্যতা বৃদ্ধি করবে। এই প্রকল্পের মধ্য দিয়ে সারাটোগা স্পা স্টেট পার্কে তৃতীয় জাদুঘর যোগ হচ্ছে।

"আমার প্রশাসনের বৃহত্তম অগ্রাধিকারগুলোর মধ্যে একটি হলো আমাদের অফার করার মতো যা কিছু আছে তা নিয়ে নিউ ইয়র্ক স্টেটকে পর্যটন খাতে সামনের সারিতে ধরে রাখা, এবং সারাটোগার শিশুদের জাদুঘরটি এই লক্ষ্য পূরণের একটি দৃষ্টান্ত," **বলেছেন গভর্নর হোকল**। "সারাটোগা স্পা স্টেট পার্ক ইতোমধ্যে বিশ্ব-মানের শিল্প ও সংস্কৃতির ভেন্যু, পারফর্ম্যান্স, ও আউটডোর চিত্তবিনোদনের সুযোগ-সুবিধা নিয়ে দর্শনার্থীদের হটস্পটে পরিণত হয়েছে। শিশুদের জাদুঘর যোগ হওয়ার মধ্য দিয়ে, আমরা আরো একটি মূল্যবান আকর্ষণ যোগ করছি যা শিশুদেরকে ইন্টারঅ্যাকটিভ শিক্ষামূলক ক্রিয়াকলাপের মধ্য দিয়ে শিক্ষা অর্জনে সাহায্য করবে।"

সারাটোগা স্পা স্টেট পার্কে অবস্থিত মূল শিশুদের জাদুঘরটি এটির বর্তমানের 8,000-বর্গফুটের ফ্যাসিলিটির ধারণক্ষমতা অতিক্রম করে ফেলেছে, যেখানে এটি প্রতি বছর 37,000 মানুষকে সেবা দিয়ে থাকে। জাদুঘরটি লিঙ্কন বাথহাউজের 16,000 বর্গফুট জায়গা দখল করবে, যার মধ্যে 4,000 বর্গফুটের একটি ইন্টেরিয়র কোর্টইয়ার্ড অন্তর্ভুক্ত রয়েছে, যা সংস্কারকৃত প্রদর্শনীগুলোর জন্য সম্প্রসারিত জায়গা এবং প্রতিবন্ধী আমেরিকানদের জন্য আইন অনুযায়ী পূর্ণাঙ্গ অ্যাক্সেসযোগ্যতা প্রদান করবে। বেসরকারি দাতারা ও এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire

State Development)-এর 600,000 ডলারের অনুদান 3.1 মিলিয়ন ডলারের এই প্রকল্পে সহায়তা করছে। 2022 সালের বসন্তকালে নির্মাণকাজ শেষ হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

এই নতুন প্রকল্প পার্কে এই জাদুঘর ও নিকটবর্তী সংস্থাগুলোর মধ্যে অংশীদারিত্বকে সহজতর করবে, যা 2,400 একর জায়গাজুড়ে হাঁটার পথ, জলধারা, ও গাছপালা সমৃদ্ধ এলাকায় সহজ অ্যাক্সেস দেয়ার মাধ্যমে জাদুঘরটির প্রকৃতি-কেন্দ্রিক শিক্ষা কর্মসূচির ঐতিহ্যকে সমৃদ্ধ করার সুযোগ করে দিবে; এবং 0-13 বছরের শিশুদের জন্য শিক্ষা কর্মসূচিগুলো সম্প্রসারণ করার সুযোগ দেবে। বৃহত্তর শ্রেণিকক্ষের জায়গা জাদুঘরটিকে সামাজিক দূরত্ব বজায় রেখে আরো বেশি সংখ্যক লোকজনকে সেবা প্রদান করার সক্ষমতা প্রদানের পাশাপাশি ডিজিটাল কন্টেন্ট তৈরির জন্য একটি স্টুডিওর ব্যবস্থা করবে।

সারাটোগার শিশুদের জাদুঘরের এক্সিকিউটিভ ডিরেক্টর সারাহ স্মিথ বলেন, "লিঙ্কন বাথস-এ স্থানান্তর করার ধারণাটি নতুন কিছু নয়। বেশ কয়েক বছর আগে, একজন বোর্ড সদস্য লিঙ্কন বাথস-এ স্থানান্তরের বিষয়টি বিবেচনার প্রস্তাব দিয়েছিলেন। মহামারী আমাদেরকে জাদুঘরের ভবিষ্যতের জন্য এই পদক্ষেপ গ্রহণের এবং রাজধানী অঞ্চলের শিশুদের জন্য নতুন সুযোগ তৈরি করার সময় ও শক্তি এনে দিয়েছে। আমাদের নতুন ফ্যাসিলিটি এবং চিলড্রেন মিউজিয়াম অব সায়েন্স এন্ড টেকনোলজি (Children's Museum of Science and Technology)-এর সাথে আমাদের একীভূত হওয়া আমাদেরকে জাদুঘরে, শ্রেণিকক্ষে ও আমাদের কমিউনিটিজুড়ে শিশুদের হাতে কলমে শিক্ষায় সম্পৃক্ত করার সক্ষমতা প্রদান করবে।"

স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "শিশুদের জাদুঘর একটি চমৎকার সাংস্কৃতিক ও শিক্ষামূলক রিসোর্স, এবং লিঙ্কন বাথহাউজে স্থানান্তর হওয়ার বিষয়টি সারাটোগা স্পা স্টেট পার্কের প্রবেশপথের এই ঐতিহাসিক স্থাপনায় নতুন ক্রিয়াকলাপ নিয়ে আসতে সাহায্য করবে। এই শিশুদের জাদুঘর চিত্তবিনোদন, শিথিলকরণ ও সাংস্কৃতিক অভিজ্ঞতা অর্জনের জন্য একরাশ অনন্য পছন্দ বেছে নেয়ার উদ্দেশ্যে বিশ্বের বিভিন্ন অঞ্চলের লোকজনকে এক জায়গায় একত্রিত করে এমন একটি 'শিল্পকলার পার্ক' প্রদানের জন্য অলাভজনক সংস্থা ও ব্যবসায়িক অংশীদারদের সম্মিলনের মধ্যে একটি উষ্ণ সংযোজন।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও CEO পদে মনোনীত হোপ নাইট বলেন, "সারাটোগার শিশুদের জাদুঘরের ভবিষ্যত ঠিকানা সারাটোগা স্পা স্টেট পার্কে হওয়ার বিষয়টি নিশ্চিত করছে যে এটি অধিবাসী ও দর্শনার্থীদের সমানভাবে বরণ করে নেয়া একটি আকর্ষণীয় গন্তব্যস্থল হিসেবে বিদ্যমান থাকবে। এটির আকার দ্বিগুণে উন্নীত করা এবং লিঙ্কন বাথহাউজে স্থানান্তর হওয়ার মাধ্যমে জাদুঘরটি পার্কের বিদ্যমান অবকাঠামোর সাথে পরিপূরক নতুন কর্মসূচি যোগ করতে পারবে এবং আরো বেশি সংখ্যক পরিবারের কাছে আবেদন তৈরি করতে পারবে।"

সিনেটর ড্যাফনে জর্ডান বলেন, "সারাটোগার শিশুদের জাদুঘর আমাদের কমিউনিটির একটি সাংস্কৃতিক, শিক্ষামূলক, ও চিত্তবিনোদনমূলক সম্পদ। 3.1 মিলিয়ন ডলারের এই সম্প্রসারণ প্রকল্প - যা উদারমনের বেসরকারি দাতাদের অনুদান এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর অতি গুরুত্বপূর্ণ 600,000 ডলার অনুদানের সহায়তায় বাস্তবায়ন হচ্ছে - সারাটোগা স্পা স্টেট

পার্কের ঐতিহাসিক লিঙ্কন বাথহাউজে একটি স্থানান্তরকৃত, উন্নত, ও সম্প্রসারণকৃত সারাটোগার শিশুদের জাদুঘরে পরিণত হবে। উৎকর্ষতার এবং হাতে কলমে শিক্ষা ও অভিজ্ঞতা অর্জনের সুযোগ প্রদান করার 32-বছরের রেকর্ড নিয়ে, সারাটোগার শিশুদের জাদুঘর সত্যিই এমন এক জায়গা যেখানে শিক্ষাগ্রহণ ও খেলাধুলার সুযোগ পাশাপাশি অবস্থান করে এবং এমন একটি কমিউনিটি সংস্থান যা সৃজনশীলতা ও কল্পনাশক্তি লালন করে। কল্পনাশক্তির ক্ষমতা ও গুরুত্ব নিয়ে আইনস্টাইন যেমনটা বলেছিলেন: 'কল্পনা জ্ঞানের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ। জ্ঞান সীমিত। কল্পনা বিশ্বকে ঘিরে রাখে।' সারাটোগার শিশুদের জাদুঘরের এই সম্প্রসারণ প্রকল্প শিশুদের কল্পনাশক্তিকে লালন করবে, যা তাদেরকে তাদের মেধা ও সৃজনশীলতা বৃদ্ধি করতে সাহায্য করবে যাতে এটি বিশ্বকে ঘিরে রাখতে ও উপকৃত করতে পারে। এই গুরুত্বপূর্ণ প্রকল্পকে বাস্তবে রূপ দেয়ায় আমি গভর্নর ক্যাথি হোকল, এবং নিউ ইয়র্ক স্টেট পার্কস এন্ড রিক্রিয়েশন কমিশনার এরিক কুলেসেইডকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য ক্যারি ওয়ার্নার বলেন, "একটি সম্মানজনক জায়গার এই গতিময় ব্যবহারের জন্য তহবিল পাওয়ায় সাহায্য করতে পেরে আমি আনন্দিত। এই নতুন বয়স্ক ভবনটি ও এর চারপাশের পার্ক শিশুদের জন্য, তাদের বাবা-মা ও শিক্ষকদের জন্য শিক্ষাগ্রহণ ও অনুসন্ধানের অনেক বেশি সুযোগ প্রদান করবে। এই প্রকল্প শিশুদের ও প্রতিষ্ঠানের জন্য বেড়ে উঠার জায়গা প্রদান করবে এবং আমাদের কমিউনিটির বাসিন্দা ও সমগ্র অঞ্চলের জন্য এই ঐতিহাসিক পার্কটি উপভোগ করার বিকল্পগুলো সম্প্রসারণ করবে।"

1930 সালে স্থাপিত এই বিয়াক্স আর্টস-নিওক্লাসিক্যাল শৈলীর লিঙ্কন বাথহাউজ, এই পার্কের ব্যতিক্রমী স্থাপনার একটি গুরুত্বপূর্ণ উপাদান, এবং একটি জাতীয় ঐতিহাসিক বিখ্যাত স্থান হিসেবে তালিকাভুক্ত রয়েছে।

সারাটোগা স্পা স্টেট পার্ক বর্তমানে প্রতি বছর আনুমানিক 3 মিলিয়ন দর্শনার্থীকে স্বাগত জানিয়ে থাকে। জাতীয়ভাবে পরিচিত সারাটোগা পারফর্মিং আর্টস সেন্টার (Saratoga Performing Arts Center), SPAC স্কুল অব দ্যা আর্টস (SPAC School of the Arts), জাতীয় নৃত্য জাদুঘর (National Museum of Dance), সারাটোগা অটোমোবাইল জাদুঘর (Saratoga Automobile Museum), গিডিওন পাটনাম রিসোর্ট ও রুজভেল্ট বাথস ও স্পা (Gideon Putnam Resort and Roosevelt Baths and Spa), এবং স্পা সিটি ফারমার্স মার্কেট (Spa City Farmer's Market) ছাড়াও সারাটোগা স্পা স্টেট পার্ক গলফ কোর্স, ক্লে টেনিস কোর্ট, প্রকৃতি সম্পর্কে একটি শিক্ষা কেন্দ্র, স্পা লিটল থিয়েটার (Spa Little Theater), ক্যাফে ও রেস্তোরাঁসহ বহুমুখী চিত্তবিনোদনমূলক ও সাংস্কৃতিক সুবিধাসমূহ, এবং হাঁটা, দৌড়ানো ও বাইক চালানোর জন্য কয়েক মাইল দীর্ঘ ট্রেইল প্রদান করে, যার সবকিছুই 2,400 একরের বিচিত্র প্রাকৃতিক আবাসস্থলসহ এই জাতীয় ঐতিহাসিক বিখ্যাত স্থানের ল্যান্ডস্কেপের মধ্যে অবস্থিত।

সারাটোগার শিশুদের জাদুঘর এবং চিলড্রেন মিউজিয়াম অব সায়েন্স এন্ড টেকনোলজি একসঙ্গে মিলিত হয়েছে - যা রাজধানী অঞ্চলব্যাপী শিশুদের ও তাদের কেয়ারগিভারদের উদ্ভাবনমূলক হাতে কলমে শিক্ষা প্রদানের 100 বছরের অভিজ্ঞতাকে একত্রিত করছে।

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation) 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, চিত্তবিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ ও আরো অনেক কিছুর দেখাশোনা করে, যেগুলোতে বছরে আনুমানিক 78 মিলিয়ন দর্শনার্থী ভিজিট করে থাকে। এসব চিত্তবিনোদনের জায়গার যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য www.parks.ny.gov ওয়েবসাইট দেখুন, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ ডাউনলোড করুন অথবা 518.474.0456 নম্বরে ফোন করুন। এছাড়াও, ফেসবুক (Facebook), ইনস্টাগ্রাম (Instagram) ও টুইটারে (Twitter) সংযুক্ত হোন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418